


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার এর কার্যালয়
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
হিসাব ভবন (৫ম তলা)
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

বিষয় : সিএএফও/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থ বছরের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি	জনাব মোঃ আক্কাস আলী, ডিসিএএফও
তারিখ	০২/১২/২০২৩ খ্রিঃ
সময়	সোমবার দুপুর ২:০০ ঘটিকা

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে এসএএস সুপার জনাব মোঃ আবু বকর তার সুচনা বক্তব্যে শুদ্ধাচার প্রতিষ্ঠার গুরুত্ব তুলে ধরে জাতীয় শুদ্ধাচার কর্ম পরিকল্পনার বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করেন। সভার আলোচ্য সূচী অনুযায়ী জনাব আনন্দ চন্দ্র চুনিয়া, অডিটর ২০২২-২০২৩ অর্থ বছরে শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত এই কার্যালয়ের বার্ষিক অর্জন এবং ২০২৩-২০২৪ অর্থ বছরের এই কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা আওতায় গৃহীত লক্ষ্যমাত্রা এবং ১ম ত্রৈমাসিক হালনাগাদ অগ্রগতি উপস্থাপন করেন। বিগত বছরের অভিজ্ঞতার আলোকে চলতি অর্থ বছরে সেবা গ্রহীতা গণের মতামত যাতে প্রতিফলিত হয় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডিসিএএফও মহোদয় নির্দেশনা প্রদান করেন। শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২৩-২০২৪ অনুযায়ী দপ্তর সমূহের সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণের মতবিনিময় সভা অতিসত্ত্বর আয়োজনের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। সেবা গ্রহীতাগণ যাতে কোন বিষয়ে অযাচিত হয়রানির শিকার না হন সে দিকে লক্ষ্য রেখে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলেন। এছাড়া বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন সমূহ যেন যথা সময়ে এপিএমএস সফটওয়্যারে আপলোড দেওয়া হয় সে বিষয়ে সবাইকে সভার সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় ডিসিএএফও মহোদয় সকলের সুস্থ্যতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ আক্কাস আলী
ডিসিএএফও
ও নৈতিকতা কমিটির সভাপতি


০২/১২/২৩